দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 06 OCT 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

# নেপালে সার্ক ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ফোরামের কনভেনশন শুরু কাল

■ ইত্তেফাক রিপোর্ট

সার্ক ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ফোরামের কনভেনশন আগামীকাল ৭ অক্টোবর অনুষ্ঠিত হবে। নেপালের কাঠমান্ডুতে ৭ থেকে ১০ অক্টোবর পর্যন্ত ৪ দিনব্যাপী এই কনভেনশন চলবে। ৮ অক্টোবর স্থানীয় সময় সকাল ৯টায় কাঠমান্ডুর প্রাজ্ঞভবনে সম্মেলনের উদ্বোধন করবেন নেপালের রাষ্ট্রপতি ড. রাম বরন উদেব।

গতকাল সোমবার সকালে ঢাকাস্থ কাকরাইলের আইডিইবি ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে এসডিইএফ সেক্রেটারি জেনারেল ও আইডিইবি'র সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মোঃ শামসুর রহমান লিখিত বক্তব্যে এ তথ্য জানান।

এ সময় উল্লেখ করা হয়, 'অর্থনৈতিক উন্নয়নের জন্য অবকাঠামো' প্রতিপাদ্যে সার্ক ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ফোরাম-এসডিইএফ এর ৪ দিনব্যাপী কনভেনশন ও ১৪তম অ্যাপেক্স বডি সভার আনুষ্ঠানিক কার্যক্রম ৭ অক্টোবর স্থানীয় সময় সন্ধ্যা ৬টায় আগত অতিথিবৃন্দকে অভ্যর্থনা জানানোর মধ্য দিয়ে শুরু হবে। একই দিন সন্ধ্যা পৌনে ৮টায় একই স্থানে এসডিইএফ অ্যাডভাইজরি কাউন্সিল, স্ট্যান্ডিং কমিটি, টেকনিক্যাল কমিটি এবং টেকনোলজি সেন্টার কমিটি পারস্পরিক আলোচনা করবেন।

৮ অক্টোবর স্থানীয় সময় সকাল ৯টায় কাঠমান্ডুর রাষ্ট্রীয় সেবাগৃহে সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন নেপালের উপ-রাষ্ট্রপতি প্রামানন্দ জা। অনুষ্ঠানে নেপাল সরকারের ভৌত অবকাঠামো ও পরিবহন মন্ত্রী বিমেলান্দু নিধি ও সার্ক মহাসচিব অর্জুন বাহাদুর থাপা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

১০টি কর্মঅধিবেশনে বিভক্ত সম্মেলনে প্রকৌশল মান ও শিক্ষা, অবকাঠামো প্রকল্পে মাননিয়ন্ত্রণ, উন্নয়নে নারীর ক্ষমতায়ন, পরিবর্তন প্রেক্ষাপটে প্রকৌশল, ভূমিকম্প প্রতিরোধক প্রযুক্তি ও ধ্বংস এবং ধ্বংসাবশেষ ব্যবস্থাপনা বিষয়ক পৃথক ৫টি কারিগরি পর্ব অন্তর্ভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞগণ বর্ণিত বিষয়ে পৃথক অধিবেশনে গবেষণাপত্র উপস্থাপন করবেন এবং নেপাল সরকারের মন্ত্রিবর্গ, উর্ধ্বতন কর্মকর্তা, স্বনামধন্য প্রতিষ্ঠানের বিশেষজ্ঞগণ আলোচনায় অংশ নেবেন।

এছাড়া সম্মেলনে বাংলাদেশের পক্ষে আইডিইবি'র যুগ্ম সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মোঃ ফজলুর রহমান আঞ্চলিক বিদ্যুৎ গ্রিড উন্নয়ন, শ্রীলঙ্কার পক্ষে ইঞ্জিনিয়ার এইচবি দয়ারত্নে জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষার প্রাসঙ্গিক বিষয়, ভারতের পক্ষে ইঞ্জিনিয়ার শিবান্দ হুগার আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন শীর্ষক পৃথক তিনটি কী নোট পেপার উপস্থাপন করবেন। সম্মেলনের একটি পর্বে এসডিইএফ মহিলা বিষয়ক কমিটির বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হবে। ৯ অক্টোবর স্থানীয় সময় বিকাল সাড়ে ৫টায় সম্মেলনের সমাপনী অধিবেশন অনুষ্ঠিত হবে।